# ১০ম কার্যনির্বাহী সভার আলোচনা ও সিদ্ধান্ত সমুহ

**আয়োজক :** অ্যালামনাই এসোসিয়েশন, ঢাকা গভ. মুসলিম হাই স্কুল
**তারিখ :** ২৫ জুলাই ২০২৫, শুক্রবার
**স্থান :** স্কুল প্রাঙ্গণ
**সময় :** বাদ আসর

---

## সভাপতিত্ব:

সভায় সভাপতিত্ব করেন এসোসিয়েশনের মাননীয় সভাপতি জনাব কাজী মোহাম্মদ রহমতউল্লাহ।

## বিশেষ অতিথিবৃন্দ:

- জনাব মীর মোঃ জাকির হোসেন — অ্যালামনাই এসোসিয়েশনের প্রথম মহাসচিব

## সভার সূচনা:

- পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার সূচনা হয়।
- উত্তরা মাইলস্টোন স্কুলে অনাকাঙ্ক্ষিত বিমান দুর্ঘটনায় নিহতদের রূহের মাগফিরাত ও আহতদের জন্য দোয়া করা হয়।
- সকল সদস্য, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের জন্য দোয়া পরিচালনা করেন কোষাধ্যক্ষ জনাব মুফতি মোঃ ইসহাক।

## আলোচ্যসূচি:

১. সাধারণ সদস্যদের উৎসাহিতকরণ বিষয়ে আলোচনা

২. আজীবন সদস্যদের সম্মাননা প্রদান

৩. প্রিভিলেজ কার্ডের জন্য কোম্পানিগুলোর সাথে চুক্তির প্রক্রিয়া

৪. এডমিন প্যানেল সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত

৫. বিবিধ

**উপস্থিতি:**

১. জনাব কাজী মোহাম্মদ রহমতউল্লাহ — সভাপতি

২. জনাব আসলাম পারভেজ মিঠু — মহাসচিব

৩. মোহাম্মদ মুসা — সহ-সভাপতি

৪. জনাব এ.টি.এম. কামাল হোসেন — সহ-সভাপতি

৫. তানভীর মোরশেদ চৌধুরী — সহ সভাপতি

৬. জনাব মুফতি মোঃ ইসহাক — কোষাধ্যক্ষ

৭. জনাব মোঃ এমদাদ উল হক — সাংগঠনিক সচিব

৮. জনাব শাহাদাত হোসেন — ক্রীড়া সচিব

৯. সোহেল সিকদার জুম্মান — দপ্তর ও পাঠাগার সচিব

১০. জনাব মোঃ জহিরুল ইসলাম — সমাজ কল্যাণ সচিব

১১. জনাব মিজানুর রহমান আপেল — প্রচার ও জনসংযোগ সচিব

১২. মোঃ জুলহাস সারোয়ার — সহ দপ্তর ও পাঠাগার সচিব

১৩. মোঃ রাশেদ খান — নির্বাহী সদস্য

১৪. মোঃ নুরুজ্জামান — নির্বাহী সদস্য

১৫. জনাব এতেহশাম হাকিম — নির্বাহী সদস্য

১৬. সৈয়দ মাহমুদ — নির্বাহী সদস্য

১৭. মোঃ ইমরানুল হক মাসুদ — সহ প্রচার ও জনসংযোগ সচিব

অসুস্থতা, পারিবারিক ও ব্যবসায়িক কাজের কারণে যারা উপস্থিত থাকতে পারে নাই তারা আমাদেরকে অবগত করেছেন এবং সভায় যে সকল সিদ্ধান্ত গ্রহন করা হবে তার সাথে সহমত পোষণ করবেন।

১৮. মোঃ মাসুদ রেজা — সিনিয়র সহ সভাপতি

১৯. মোহাম্মদ জাফর — সহ সভাপতি

২০. মোঃ আবুল কালাম আজাদ — নির্বাহী সদস্য

২১. মোঃ সাইদুল হক — নির্বাহী সদস্য

২২. মোহাম্মদ সফিকুল ইসলাম লিটস — নির্বাহী সদস্য

২৩. জাফর ইকবাল সিদ্দিকী — নির্বাহী সদস্য

২৪. মোঃ জাহাঙ্গীর — নির্বাহী সদস্য

২৫. মোঃ তারিক সিরাজ — সাংস্কৃতিক সচিব

২৬. কাজী মফিজুল ইসলাম — শিক্ষা,বিজ্ঞান ও প্রযুক্তি সচিব

২৭. মাহবুব রাশেদ রুবেল — যুগ্ন মহাসচিব

২৮. মোঃ হাবিব — যুগ্ম মহাসচিব

২৯. মোঃ আরিফুল ইসলাম — সহ সাংস্কৃতিক সচিব

৩০. মোঃ মনির হোসেন — সহ কোষাধ্যক্ষ

৩১. মোঃ মুহিদ হোসেন — নির্বাহী সদস্য

৩২. মোঃ সাজ্জাদ কবীর — সহ সাহিত্য ও প্রকাশনা সচিব

৩৩. মোঃ ইসহাক — সহ সাংগঠনিক সচিব

আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

- **সাংগঠনিক সচিব মোঃ এমদাদ উল হক বলেন,**
    - প্রচারে আমরা পিছিয়ে আছি। এডমিন প্যানেল হালনাগাদ ও বকেয়া আদায়ের অগ্রগতি জানতে চান। অনুপস্থিত সদস্যদের ব্যক্তিগতভাবে সভাপতি ও মহাসচিবের যোগাযোগের আহ্বান জানান।
- **ক্রীড়া সচিব জনাব শাহাদাত হোসেন বলেন,**
    - ধারাবাহিকভাবে অনুপস্থিতদের নোটিশ দেওয়া যেতে পারে এবং ব্যাচভিত্তিক দায়িত্ব বণ্টনের প্রস্তাব দেন।
- **নির্বাহী সদস্য জনাব এতেহশাম হাকিম বলেন,**
    - এসোসিয়েশনের রেজিস্ট্রেশন দ্রুত সম্পন্ন করার তাগিদ দেন।
- **সহ-সভাপতি মোহাম্মদ মুসা বলেন:**
    - অনলাইন কার্যক্রমে প্রাক্তনদের জীবনী প্রকাশ করা যেতে পারে।
    - বৈধ সদস্যদের আইডি কার্ড দেওয়া হোক।
    - রেস্টুরেন্টে সভা করলে অংশগ্রহণ বাড়বে।
    - ব্লাড ক্যাম্প আয়োজনের প্রস্তাব করেন।
    - স্পিকার সেট নষ্ট হওয়ায় দ্রুত মেরামতের নির্দেশ দেন।
    - ওয়েবপেইজ আপডেট সম্পর্কে জানতে চান।
- **সহ-সভাপতি এ.টি.এম. কামাল হোসেন বলেন:**
    - অনলাইন পোস্টিং এডমিন কর্তৃক নিয়ন্ত্রিত হওয়া উচিত।
    - তিন মাস পরপর চাঁদা আদায়ের ব্যবস্থা গ্রহণের প্রস্তাব দেন।
    - অফলাইন সভার পাশাপাশি অনলাইন অংশগ্রহণের সুযোগ রাখার পরামর্শ দেন।
- **সমাজ কল্যাণ সচিব মোঃ জহিরুল ইসলাম বলেন:**
    - চাঁদা আদায়ের সময় নির্ধারণ প্রয়োজন।
    - সর্বোচ্চ উপস্থিত সদস্যকে পুরস্কৃত করা যেতে পারে।
- **কোষাধ্যক্ষ মুফতি মোঃ ইসহাক বলেন:**
    - নির্ধারিত সভার তারিখ আগেই জানানো হয়।
    - এরপরও কেউ না এলে তা হতাশাজনক।
    - ভুল-ত্রুটি আলোচনা ও সমঝোতার মাধ্যমে সমাধানের আহ্বান জানান।
- **প্রচার সচিব জনাব মিজানুর রহমান আপেল বলেন:**
    - সভায় অংশগ্রহণ নিশ্চিত করতে তিনি নিয়মিত ফোন করেন।
    - ৪১ জন নির্বাহী সদস্য এখনও একসাথে সভায় উপস্থিত হতে পারেননি।
    - তিনি তার দায়িত্ব সচেতনভাবে পালন করে চলেছেন।

- **মহাসচিব জনাব আসলাম পারভেজ মিঠু বলেন:**
    - সাধারণ সদস্যদের সম্পৃক্ত করতে SSC 2025-এ জিপিএ-৫ প্রাপ্ত সদস্যপুত্র/কন্যাদের সম্মাননা দেওয়ার প্রস্তাব দেন।
    - আজীবন সদস্যদেরও একই দিনে সম্মাননা দেওয়া যেতে পারে।
    - প্রিভিলেজ কার্ডের দ্রুত বাস্তবায়ন জরুরি বলে মনে করেন।
    - কার্যকর এডমিন প্যানেল গঠনের তাগিদ দেন।
    - যারা অনুপস্থিত তাদের পক্ষ থেকে একমত পোষণকারী সদস্যদের ধন্যবাদ জানান।

**বিশেষ অতিথির বক্তব্য:**

**জনাব মীর মোঃ জাকির হোসেন, প্রথম মহাসচিব বলেন:**

- প্রাক্তনদের একত্রিত হওয়ার আনন্দ প্রকাশ করেন।
- স্কুলের ১৫০ বছর পূর্তি অনুষ্ঠান উপভোগ করেছেন ও প্রশংসা করেন।
- এসোসিয়েশনের দায় শোধে এফডিআর থেকে লোন নেওয়ার পরামর্শ দেন।
- আজীবন সদস্য নির্বাচন যেন যোগ্যতা অনুযায়ী হয়, তা নিশ্চিত করার আহ্বান জানান।
- ভবিষ্যতে অ্যালামনাই এসোসিয়েশন একটি বড় ও শক্তিশালী সংগঠন হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

**সভাপতির সিদ্ধান্ত ও সমাপ্ত ঘোষনা :**

**কাজী মোহাম্মদ রহমতউল্লাহ**

- সাধারণ সদস্যদের উৎসাহিত করণের জন্য SSC 2025- এ জিপিএ-৫ প্রাপ্ত সদস্যপুত্র/কন্যাদের সম্মাননা দেওয়ার প্রস্তাবটি সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়।
- সাধারণ সদস্যদের উৎসাহিত করণের জন্য ব্ল্যাড ডোনেশন দেওয়ার প্রস্তাবটি সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়।
- আজীবন সদস্যদের সম্মাননা সাটিফিকেট প্রদানের ব্যাপারে সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।
- প্রিভিলেজ কার্ড এর ব্যাপারে অফার লেটার দিয়ে বিভিন্ন কোম্পানীর সাথে চুক্তি সম্পাদন করে প্রিভিলেজ কার্ডটি অনুষ্ঠানের মাধ্যমে উদ্ভোধন করার জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।
- অনলাইন এবং এস এম এস এর মাধ্যমে সাধারণ সদস্যদের অ্যালামনাই এসোসিয়েশনের যে কোন কার্যক্রম অবহিত করণের সিদ্ধান্ত গৃহিত হয়।
- অ্যালামনাই এসোসিয়েশনের ওয়েবপেইজটি পাবলিকলি উদ্ভোধন করার জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।
- অ্যালামনাই এসোসিয়েশনের সকল সোস্যাল মিডিয়ার এডমিন প্যানেল নতুন ভাবে গঠনের সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।
- অসুস্থতা, পারিবারিক ও ব্যবসায়িক কাজের কারণে যারা সভায় উপস্থিত থাকতে পারে নাই তারা আমাদের সকল সিদ্ধান্ত গ্রহনে সহমত পোষণ করায় সকলকে ধন্যবাদ জানানো হয়।

- অ্যালামনাই এসোসিয়েশনের রেজিস্ট্রেশন দ্রুত সম্পন্ন করার জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।
- অ্যালামনাই এসোসিয়েশনের কার্যনির্বাহী সভায় উপস্থিত হওয়ায় জন্য মীর মোঃ জাকির হোসেন, প্রথম মহাসচিব সাহেবকে ধন্যবাদ জানানো হয়।
- সকলে উপস্থিত থেকে মূল্যবান মতামত দিয়ে এবং উপরোক্ত সিদ্ধান্ত গুলো পাস করানো বিষয়ে সহযোগিতা করার জন্য সকলকে ধন্যবাদ দিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।

কাজী মোহাম্মদ রহমতউল্লাহ
সভাপতি
অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল

আসলাম পারভেজ মিঠু
মহাসচিব
অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল